40/8, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA - 700 019
PHONE : (033) 2461 4156 / 4157, FAX : (033) 2461 4193
E-MAIL : vrmd@abcindia.com, HOME PAGE : www.abcindia.com

ABC INDIA LIMITED
Moving made simple

Date: 16th February, 2026

| | |
|---|---|
| The Secretary,<br>The Calcutta Stock Exchange Ltd.,<br>7, Lyons Range ,<br>Kolkata – 700 001.<br>Symbol - 011146 | BSE Limited<br>Phiroze Jeejeebhoy Towers,<br>Dalal Street,<br>Mumbai – 400 001<br>Scrip Code : 520123 |

Dear Sir(s),

**Reg : SEBI circular dated 30th January, 2026 on Ease of Doing Investment – Special Window for Transfer and dematerlisation of physical Securities.**

In compliance to the SEBI circular no. HO/38/13/11(2)2026- MIRSD POD/I/3750/2026 dated January 30, 2026, we have published an advertisement for lodgement/ re-lodgement of physical shares by the shareholders in the Newspaper papers in Business Standard (English all edition) and Aajkaal (Bengali) on **16th February, 2026** and copies of the same are enclosed for your reference and record.

Please also note that the aforesaid Notice has also been uploaded on the website of the Company at www.abcindia.com.

Thanking You,

Yours faithfully,
**For ABC India Limited**

Sanjay Agarwal
Digitally signed by Sanjay Agarwal
Date: 2026.02.16 13:10:55 +05'30'

Sanjay Agarwal
Company Secretary & Compliance Officer

Encl: As above



পাহাড়, ঝর্না ঘেরা কোরাপুটে লোক-উৎসবে মাতোয়ারা স্থানীয় শিল্পীরা। ছবি: সংগৃহীত

# কোরাপুটে লোক-উৎসব

**সব্যসাচী সরকার**

ওড়িশার প্রাকৃতিক সৌন্দর্যে ঘেরা কোরাপুটে এবার লোকসংস্কৃতি-উৎসব হবে। মূলত স্থানীয় জনজাতির সুপ্রাচীন লোকনৃত্য এবং সঙ্গীত এই অনুষ্ঠানের মূল উপজীব্য। প্রাকৃতিক সম্পদে ভরপুর, পাহাড়, ঝর্না নিয়ে কোরাপুট ওড়িশার এক সুপ্রাচীন ঐতিহ্যবাহী অঞ্চল। এখানে রয়েছে গাদাবা, কন্ধ, দুরুয়া, পরোজা, মিরগান, ওমানাটা ও ভাত্রা সম্প্রদায়। প্রজন্মের পর প্রজন্ম ধরে এঁরা প্রকৃতির সঙ্গে মিশে আছেন, সুর বেঁধেছেন, বাদ্যযন্ত্র তৈরি করেছেন এবং হস্তশিল্পের এক অন্যধারাকে বহন করে নিয়ে চলেছেন। সে অর্থে এটি কেবল সাংস্কৃতিক অনুষ্ঠান নয়, কোরাপুটের লোকজীবন ও ঐতিহ্যের এক উদ্ভাস। বহু বহু বছর ধরে পাহাড় ঘেরা এই অঞ্চলের যে লোকজীবন, তার সঙ্গে নগরজীবনের বাসিন্দাদের পরিচয় করিয়ে দিতেই এই উৎসব।

কোরাপুটের ‘কোটপার হ্যান্ডলুম’ ওড়িশার প্রথম জিআই স্বীকৃত বস্ত্রশিল্প। সেখানে প্রাকৃতিক রং দিয়ে তৈরি সুতোর বুনোটে ফুটে ওঠে পরিবেশ ও ঐতিহ্যের গল্প। এখানেই রয়েছে টেরাকোটা শিল্প, ঝুড়িশিল্প, কাঠখোদাই শিল্প। এগুলিও এই সাংস্কৃতিক উৎসবে উঠে আসবে। পাশাপাশি শিল্পীদের জীবনে অর্থনৈতিক স্বাচ্ছন্দ্যের দরজাও খুলে দেবে। কাউন্সিল অফ অ্যানালিটিক্যাল ট্রাইবাল স্টাডিজ (কোটস) ক্যাম্পাসে তিনদিন (২০ থেকে ২২ ফেব্রুয়ারি) ধরে এই লোকসংস্কৃতি-উৎসবের আয়োজক রুটস অফ প্রসপ্যারিটি প্রকল্পের অধীনে অ্যাক্সিস ব্যাঙ্ক ফাউন্ডেশন ও বাংলানাটক ডট কম। এই উৎসবের উদ্দেশ্য ক্রেতাদের সঙ্গে শিল্পীদের সরাসরি সংযোগের মাধ্যমে গড়ে উঠবে লোকশিল্প কেনাবেচার নতুন বাজার এবং স্থায়ী জীবিকার পথ। কোরাপুটে রয়েছে দুদুমা জলপ্রপাত, দেউমালি পাহাড়, পুঞ্জিসিল জলপ্রপাত এবং গুপ্তেশ্বর গুহা, মাচকুণ্ড ও কোলাব নদী এবং রয়েছে মাইল মাইল বিস্তৃত কফিবাগান। এই উৎসবের মধ্যে দিয়ে প্রকাশ পাবে আদিবাসী জীবনের আত্মপরিচয়ের প্রকাশ, পুনরুজ্জীবন এবং সৃজনশীলতার নতুন দিগন্ত।

# তথ্য প্রযুক্তির চাকরি ছেড়ে গ্রহ-নক্ষত্র চেনাচ্ছেন সুমন

**মলয় সিন্‌হা**

ছোট থেকেই অজানাকে জানার নেশা ছিল। পদার্থবিদ্যা ছিল অন্যতম প্রিয় বিষয়। বিজ্ঞান বিভাগে স্নাতক। এমবিএ পাশ করে একটি বহুজাতিক সংস্থায় তথ্য প্রযুক্তির মোটা মাইনের চাকরি। আর পাঁচজন কেরিয়ারমুখী তরুণের মতো বাঁধাধরা জীবনে কাটিয়ে দিতে পারতেন তিনি। কিন্তু মহাকাশের প্রতি ভালবাসা আর আগ্রহের বশে নতুন কিছু করাই ছিল তাঁর লক্ষ্য। এর জন্য চাকরিও ছাড়েন। শুরু করেন জ্যোতির্বিজ্ঞান বিষয়ক তথ্য সংগ্রহ ও বই পড়া। পাশাপাশি বিশেষ কোর্সও করেন। শিখেছেন টেলিস্কোপের নানা খুঁটিনাটি। মহাকাশের অজানা দিক ও গ্রহ-নক্ষত্র চেনাতে ১৫ বছর আগে টেলিস্কোপ কাঁধে নিয়ে যাত্রা শুরু করেছিলেন দক্ষিণ কলকাতার সুমন দত্ত। শহর থেকে গ্রামের প্রত্যন্ত এলাকার বিভিন্ন স্কুল ও শিক্ষা প্রতিষ্ঠানের পড়ুয়াদের এবং ক্লাবসদস্য, আবাসনের বাসিন্দাদের মহাকাশের মহাজাগতিক দৃশ্য, গ্রহ-নক্ষত্র চেনাতে নিজ উদ্যোগে খুলেছেন স্কাইওয়াচিং সংস্থাও।

মহাকাশের বুকে থাকা ছায়াপথ, সৌরজগতে রয়েছে নানা বিস্ময়। কোটি কোটি আলোকবর্ষ দূরে রয়েছে সৌরজগতের নানা অজানা দিক, গ্রহ-নক্ষত্র। এই সব কিছু জানতে এবং চাক্ষুষ করতে আসতেই হবে দক্ষিণ কলকাতার বাঘাযতীন এলাকার গাঙ্গুলি বাগানের ছোট্ট পরিসরে থাকা ‘স্কাইওয়াচিং ওয়ার্কশপ’। বিশাল আকাশ ছোঁয়ার স্বপ্নে যাঁরা বুঁদ, তাঁদের সাহস দেখাচ্ছেন সুমন দত্ত। এখানে টেলিস্কোপে চোখ রাখার পাশাপাশি জানতে পারবেন চাঁদ-সূর্যের পরিচিতি, সৌরকলঙ্ক, গ্রহাণুপুঞ্জ। সুমন দত্ত জানান, ‘গুগ্‌ল থেকে সব জানা যায় না। আমি বিড়লা প্ল্যানেটোরিয়ামে একটা কোর্স করি। ড. দেবীপ্রসাদ দুয়ারি-র কাছে ক্লাস করেছিলাম। পাশাপাশি নিজেকে আপডেট রাখতে বই পড়তে হয়।’ নিজের স্বপ্নপূরণ প্রসঙ্গে সুমনবাবু বলেন, ‘কর্পোরেট জীবনের মানসিক চাপ দূর করতাম সুবিশাল আকাশ দেখে। ছোট্টবেলার স্বপ্ন নিজের ভেতরে নাড়া দিয়ে উঠেছিল। তখন সিদ্ধান্ত নিলাম নতুন কিছু করতে হবে। চাকরি ছাড়লাম। স্ত্রী সমিতা বন্ধুর মতো পাশে দাঁড়ালেন। তিনিও এই সংস্থার অন্যতম পৃষ্ঠপোষক।’ শুরুতে প্রত্যন্ত গ্রামের ছেলেমেয়েদের নিয়ে কাজ করার সিদ্ধান্ত নিয়েছিলেন সুমন। তাঁর কথায়, ‘কাকদ্বীপ, নামখানা, সাগর এলাকায় তিন বছর ধরে প্রত্যেকটি স্কুলে যাওয়া শুরু করলাম। বাধাও পেয়েছি। আবার অনেকে সহযোগিতাও করেছেন। আমি মহাজাগতিক বিভিন্ন তথ্যচিত্র চালিয়ে বাংলায় বোঝাতাম। তখন আইপ্যাডে ‘স্টেলেরিয়াম’ অ্যাপের মাধ্যমে আকাশ দেখানো শুরু করি। গ্রহ এবং নক্ষত্রমণ্ডলী কীভাবে দেখব ও চিনতে পারব তা গল্পের মাধ্যমে শেখাই। বছরখানেক পর টেলিস্কোপ ব্যবহার শুরু করি।’ ১৮ বাই ১০ ফুটের জায়গা হলেও আজ স্কাইওয়াচিং-এ বহু মানুষের আনাগোনা। মহাকাশ দেখতে চান নানা বয়সের মানুষ। এখানে রয়েছে নানা দামের টেলিস্কোপ। রয়েছে মোনোকুলার, বাইনোকুলার, মাইক্রোস্কোপও। একেকটার একেক রকমের সুবিধা। নিখরচায় টেলিস্কোপ ব্যবহারের প্রশিক্ষণের ব্যবস্থাও রয়েছে। সুমন দত্ত বলেন, ‘আমার আগামী পরিকল্পনা নিজের হাতে টেলিস্কোপ তৈরি করা। যাতে সস্তায় বেশি মানুষের কাছে তা পৌঁছে যায়। এবং নিজের একটি মহাকাশ পর্যবেক্ষণ কেন্দ্র তৈরি করা। যেখানে যেকোনও বয়সির মানুষ নিজের চোখে আকাশ দেখতে পাবেন। রাতের মহাকাশের সৌন্দর্য দেখতে যোগাযোগ করতে পারেন ৮৩৭২৮৩২০৯৭ নম্বরে।’



স্কুলপড়ুয়াদের টেলিস্কোপের ব্যবহার শেখাচ্ছেন সুমন দত্ত।

# পেশাগত ক্ষেত্রে এআই ব্যবহার নিয়ে কর্মশালা এনএসওইউয়ে

**আজকালের প্রতিবেদন**

কৃত্রিম বুদ্ধিমত্তাকে (এআই) পেশাগত ক্ষেত্রে ব্যবহারের নানান দিক নিয়ে একদিনের কর্মশালা হয়ে গেল নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের (এনএসওইউ) সল্টলেক ক্যাম্পাসে। বুধবার এনএসওইউ-এর সাংবাদিকতা এবং গণজ্ঞাপন বিভাগের উদ্যোগে এই কর্মশালার আয়োজন করা হয়। পরিচালনার দায়িত্বে ছিল আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ফর ডিজিটাল রেডিনেস অ্যান্ড অ্যাডভান্সমেন্ট (অ্যাডিরা)।

এনএসওইউ-র সাংবাদিকতা এবং গণজ্ঞাপন বিভাগের অধ্যাপক অরিজিৎ ঘোষ জানালেন, ‘এই কর্মশালায় পড়ুয়াদের এআই-এর ব্যবহার নিয়ে প্রাথমিক বেশ কিছু বিষয় নিয়ে আলোচনা হয়। পাশাপাশি পেশাগত ভাবে যাঁরা গণমাধ্যমে কাজ করছেন, তাঁরা যাতে এআই ব্যবহার করে দক্ষতার সঙ্গে কাজ করতে পারেন, তাও হাতে-কলমে শেখানো হয়। কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে কর্মক্ষেত্রে খুব জটিল কাজ সহজে ও দ্রুততার সঙ্গে করে ফেলা যায়।’

অ্যাডিরার পক্ষ থেকে জয়দীপ দাশগুপ্ত জানান, ‘গণমাধ্যমে যে সমস্ত উপাদান লাগে, যেমন- গ্রাফিক্যাল ভিডিও বানানো, ভয়েস ওভার তৈরি করা, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন বানানো কিংবা ভিডিও সম্পাদনা এআই ব্যবহার করে সহজে কীভাবে করা সম্ভব, তার একটা প্রাথমিক দিক দেখানো হয়েছে। একইসঙ্গে দায়িত্বশীল ভাবে এআই ব্যবহার এবং এর অপপ্রয়োগ থেকে সচেতন থাকার পরামর্শও দেওয়া হয়েছে।’

# ফুসফুসের অসুখের চিকিৎসায় এআই

**সাগরিকা দত্তচৌধুরি**

দূষণের ফলে ফুসফুসের নানান সমস্যা বাড়ছে। সমস্যা জটিল থেকে দীর্ঘমেয়াদি হয়ে থাকছে অধিকাংশের। সমস্যাও গ্রাম-শহর নির্বিশেষে ৪০ ঊর্ধ্ব পুরুষদের মধ্যে রোগের প্রকোপ ৮.৩৬ শতাংশ। শহরাঞ্চলে ধূমপান করেন না এমন রোগীদের মধ্যে ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ (সিওপিডি) উল্লেখযোগ্য হারে বাড়ছে। এর মূলে বায়ুদূষণ ও ধূমপান অন্যতম কারণ। এদেশে ফুসফুসের যক্ষ্মা আক্রান্তের সংখ্যাও যথেষ্ট বেশি। টিউবারকিউলোসিস অ্যাসোশিয়েটেড অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ (টিওপিডি) সংখ্যাও বাড়ছে। বিশেষ করে ড্রাগ রেজিস্ট্যান্স যক্ষ্মা বা টিবি এখন অন্যতম সামাজিক সমস্যা হয়ে দাঁড়িয়েছে বলে জানান বিশেষজ্ঞরা। ফুসফুসের জটিল সমস্যার সমাধান এবং গণসচেতনতায় কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন প্রান্তের বক্ষরোগ বিশেষজ্ঞরা একজোট হয়েছেন। বক্ষরোগ বিশেষজ্ঞদের সংগঠন অ্যাসোসিয়েশন অফ চেস্ট ফিজিশিয়ানস (এসিপি)-এর পশ্চিমবঙ্গ শাখার উদ্যোগে শনি-রবি দু’দিনব্যাপী স্বভূমিতে ২৯তম বার্ষিক সম্মেলনের আয়োজন করা হয়। ৩৫০ জনের বেশি বক্ষরোগ বিশেষজ্ঞ এবং ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ, এন্ডোক্রিনোলজিস্ট এবং বিজ্ঞানীরা অংশ নেন। বিশেষজ্ঞ চিকিৎসকদের মধ্যে এসিপি রাজ্য সম্পাদক ডাঃ আলোকগোপাল ঘোষাল, ডাঃ পার্থসারথি ভট্টাচার্য, ডাঃ সুস্মিতা রায়চৌধুরি, ডাঃ সুদীপ ঘোষ-সহ একাধিক চিকিৎসক। তাঁরা ফুসফুসের অসুখের প্রতিরোধমূলক ব্যবস্থা, সঙ্কটজনক রোগীদের জন্য অত্যাধুনিক জীবনদায়ী ব্যবস্থা এবং ফুসফুসের টিবির আধুনিক চিকিৎসা সম্পর্কে, নিউমোনিয়ার নতুন টিকার গুরুত্ব, নতুন ওষুধ, নতুন প্রযুক্তির চিকিৎসা-পদ্ধতি নিয়ে আলোচনা করেন। সাংবাদিক সম্মেলনে ডাঃ অংশুমান মুখার্জি বলেন, ‘ফুসফুসের অসুখের সবচেয়ে কষ্টকর দিক হল শ্বাসকষ্ট। অক্সিজেনে কাজ না হলে প্রয়োজন পড়ে ভেন্টিলেশনের। এর চিকিৎসায় আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স বা কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহারও এখন পথ দেখাচ্ছে।’ সম্মেলন পরিচালনকারী সম্পাদক ডাঃ ইন্দ্রনীল হালদার বলেন, ‘পালমোনারি মেডিসিনে এআই এখন ভীষণভাবে জরুরি। বিশেষ করে গবেষণার কাজে। স্থূলতার সঙ্গেও এখন ফুসফুসের অসুখ সম্পর্কিত। সিওপিডি এখন মৃত্যুর অন্যতম দ্বিতীয় কারণ হয়ে দাঁড়িয়েছে। দূষণ শুধু ফুসফুস নয়, শরীরের বিভিন্ন অঙ্গের ক্ষতি করছে। দূষণ থেকে কী কী অসুখ হতে পারে এবং এর দ্রুত শনাক্তকরণ কীভাবে সম্ভব, তা জানতে হবে। বাইরের দূষণ কমানো আমাদের হাতে সরাসরি নেই ঠিকই কিন্তু বাড়ির ভিতরে যেমন ধূপ-ধুনো না জ্বালানো, মশার ধূপ বা তেল ব্যবহার না করা এগুলি আমরা মেনে চললে অনেকটা কাজে দেবে। সিগারেটের নেশা ছাড়ানো হঠাৎ করে সম্ভব নয়, বৈজ্ঞানিক পদ্ধতিতে তা ধীরে ধীরে সম্ভব।’



# শঙ্কর নেত্রালয়ে আলোচনাচক্র

**আজকালের প্রতিবেদন**

শঙ্কর নেত্রালয় এলিট স্কুল অফ অপ্টোমেট্রির উদ্যোগে দ্বিতীয় বার্ষিক ‘ডাঃ এস এস বদ্রীনাথ মেমোরিয়াল অপ্টোমেট্রি সায়েন্টিফিক সেশন’ অনুষ্ঠিত হল। ২০০ জন অংশ নেন। এর মধ্যে ১১৭ জন পড়ুয়া। ১৮টি শিক্ষাপ্রতিষ্ঠান এবং ৮টি চক্ষু হাসপাতালের প্রতিনিধিরা যোগ নেন। অনুষ্ঠানের উদ্বোধন করেন শঙ্কর নেত্রালয় এলিট স্কুল অফ অপ্টোমেট্রির প্রিন্সিপ্যাল ডাঃ অনুরাধা নারায়ণন, অপ্টোমেট্রি কনফেডারেশন অফ ইন্ডিয়ার সিইও লক্ষ্মী শিন্ডে, শঙ্কর নেত্রালয়ের মেডিক্যাল সুপারিন্টেন্ডেন্ট ডাঃ তাপস সাহা রায়, ডেপুটি ডিরেক্টর ডাঃ সুচেতনা মুখার্জি।

GKW

## জিকেডব্লিউ লিমিটেড

সিআইএন-এল২৭৩১০ডব্লিউবি১৯৩১পিএলসি০০৭০২৬

**রেজিস্টার্ড অফিস:** অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং, ২য় তল, ৯৭, আন্দুল রোড, হাওড়া-৭১১ ১০৩, পশ্চিমবঙ্গ

**ফোন নং:** ০৩৩ ২৬৬৮ ৫২৪৭/২৬৬৮ ৪৭৬৩; **ইমেল আইডি:** gkwro@gkw.in; **ওয়েবসাইট:** www.gkwltd.com

**বাস্তবিক শেয়ার স্থানান্তর এবং ডিম্যাটেরিয়ালাইজেশনের জন্য বিশেষ জানালা**

সেবি সার্কুলার নং এইচও/৩৮/১৩/১১(২)২০২৬-এমআইআরএসডি-পিওডি/১/৩৭৫০/২০২৬ তারিখ ৩০ জানুয়ারি, ২০২৬ অনুসারে, এতদ্বারা কোম্পানির সকল শেয়ারহোল্ডারদের জানানো যাচ্ছে যে ১ (এক) বছর মেয়াদের জন্য আরও একটি বিশেষ জানালা খোলা হয়েছে ০৫ ফেব্রুয়ারি, ২০২৬ থেকে ০৪ ফেব্রুয়ারি, ২০২৭ পর্যন্ত, বাস্তবিক শেয়ার ট্রান্সফার এবং ডিম্যাটের জন্য যা ০১ এপ্রিল, ২০১৯-এর পূর্বে বিক্রয়/ক্রয় করা হয়েছিল। এই বিশেষ জানালা নিম্নলিখিত ক্ষেত্রে প্রযোজ্য হবে:

১. যেখানে মূল শেয়ার ট্রান্সফার অনুরোধ(গুলি) ০১ এপ্রিল, ২০১৯-এর পূর্বে জমা দেওয়া হয়নি এবং শেয়ারহোল্ডারের কাছে মূল শেয়ার সার্টিফিকেট রয়েছে;

২. যেখানে মূল শেয়ার ট্রান্সফার অনুরোধ(গুলি) ০১ এপ্রিল, ২০১৯-এর পূর্বে জমা দেওয়া হয়েছিল কিন্তু নথিপত্রের ত্রুটির কারণে বাতিল/ফেরত/অমীমাংসিত হয়েছে।

এইভাবে হস্তান্তরিত সিকিউরিটিজ শুধুমাত্র ডিম্যাটেরিয়ালাইজড ফর্মে জমা হবে এবং ট্রান্সফার রেজিস্ট্রেশনের তারিখ থেকে এক বছরের লক-ইন পিরিয়ডের আওতায় থাকবে। উক্ত লক-ইন পিরিয়ড চলাকালীন সিকিউরিটিজ ট্রান্সফার/লিয়েন-মার্ক/বন্ধক রাখা যাবে না।

এই অনুরোধগুলি জমা/পুনরায় জমা দেওয়া যাবে, সর্বতোভাবে সম্পূর্ণ করে, সিবি ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড (কোম্পানির আরটিএ)-এর কাছে রসুই কোর্ট, ৬ষ্ঠ তল, ২০, স্যার আর এন মুখার্জি রোড, পশ্চিমবঙ্গ, কলকাতা-৭০০০০১, ফোন নং: ০৩৩-৪০১১৬৭০০, ইমেল-আইডি: rta@cbmsl.com-এ ০৪ ফেব্রুয়ারি, ২০২৭ বা তার আগে।

আরও তথ্যের জন্য, শেয়ারহোল্ডারদের ৩০ জানুয়ারি, ২০২৬ তারিখের সেবি সার্কুলার দেখার অনুরোধ করা হচ্ছে।

জিকেডব্লিউ লিমিটেড-এর পক্ষে
স্বা/- রাজু সাউ
কোম্পানি সেক্রেটারি ও কমপ্লায়েন্স অফিসার

স্থান : হাওড়া
তারিখ : ১৫ ফেব্রুয়ারি, ২০২৬

## এবিসি ইন্ডিয়া লিমিটেড

CIN: L63011WB1972PLC217415

**রেজিস্টার্ড অফিস:** পি-১০, নিউ সি.আই.টি রোড, কলকাতা- ৭০০ ০৭৩

**কর্পোরেট অফিস:** ৪০/৮, বালিগঞ্জ সার্কুলার রোড, কলকাতা- ৭০০ ০১৯

**ফোন:** (০৩৩) ৪০০৮ ১৪৭১

**ই-মেল:** vrmd@abcindia.com **ওয়েবসাইট:** www.abcindia.com

**বাস্তবিক শেয়ার স্থানান্তরের অনুরোধ নতুন করে জমা/ পুনঃস্থাপনের জন্য শেয়ারহোল্ডারদের প্রতি বিজ্ঞপ্তি**

সেবি সার্কুলার নং. সেবি/এইচও/এমআইআরএসডি/এমআইআরএসডি-পিওডি/পি/সিআইআর/২০২৫/৯৭ তারিখ জুলাই ২, ২০২৫ অনুসারে, এতদ্বারা বিজ্ঞপ্তি মারফৎ **শেয়ারহোল্ডারদের জানানো হচ্ছে** যে বিনিয়োগের সহজতা সম্পর্কিত ৩০ জানুয়ারি, ২০২৬ তারিখের নতুন সেবি সার্কুলার অনুসারে ১ এপ্রিল, ২০১৯ এর আগে বিক্রয়/ক্রয়কৃত এবং সম্পাদিত শেয়ারের **নতুন করে জমা** দেওয়ার জন্য এবং এছাড়াও ১ এপ্রিল, ২০১৯ এর আগে দাখিল করা এবং নথিপত্র/ প্রক্রিয়া অভাব/ বা অন্য কোনও কারণে প্রত্যাখ্যাত/ ফেরৎ/ মনোনিবেশ করা হয়নি এমন বাস্তবিক শেয়ারের স্থানান্তর অনুরোধ **পুনঃস্থাপনের** জন্য বাস্তবিক সিকিউরিটিজের স্থানান্তর এবং ডিম্যাটেরিলাইজেশনের জন্য **আর একটি বিশেষ উইন্ডো** খোলা হয়েছে।

উপরোক্ত বিশেষ উইন্ডোটি খোলা হয়েছে **৫ ফেব্রুয়ারি, ২০২৬ থেকে এবং ৪ ফেব্রুয়ারি, ২০২৭** পর্যন্ত খোলা থাকবে এবং এই ধরনের সমস্ত স্থানান্তর প্রক্রিয়া করা হবে এবং বাধ্যতামূলকভাবে হস্তান্তরকারী(গণ)র কাছে শুধুমাত্র ডিম্যাট মোডে জমা করা হবে এবং আরটিএ/কোম্পানি কর্তৃক নিবন্ধনের তারিখ থেকে ১ (এক) বছরের লক-ইন সময়ের অধীনে থাকবে এবং উক্ত লক-ইন সময়কালে স্থানান্তর/ চিহ্নিত/ প্রতিশ্রুতি দেওয়া হবে না।

যেহেতু কোম্পানি/আরটিএ কর্তৃক সমস্ত নথিপত্র যথাযথভাবে পাওয়া গেলেই স্থানান্তরিত শেয়ারগুলি শুধুমাত্র ডিম্যাট মোডে জারি করা হবে, তাই স্থানান্তরকারী(গণ)র একটি ডিম্যাট অ্যাকাউন্ট থাকতে হবে এবং নিম্নলিখিত নথিগুলি যথা; ক) মূল শেয়ার শংসাপত্র খ) ১ এপ্রিল, ২০১৯ এর আগে সম্পাদিত ট্রান্সফার দলিল গ) ক্রয়ের প্রমাণপত্র ঘ) কেওয়াইসি নথি ঙ) সর্বশেষ ক্লায়েন্ট মাস্টার লিস্ট (সিএমএল) ডিপি দ্বারা যথাযথভাবে প্রত্যায়িত যা ২ মাসের বেশি নয় এবং চ) কোম্পানির ওয়েবসাইটে উপলব্ধ নির্ধারিত ফর্ম্যাট অনুসারে অঙ্গীকারনামা তথা ক্ষতিপূরণ কোম্পানি/আরটিএ- তে স্থানান্তরের জন্য নথি জমা দেওয়ার সময় দাখিল করতে হবে।

যোগ্য শেয়ারহোল্ডার(গণ) আরও সহায়তার জন্য কোম্পানি বা এর রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) অর্থাৎ **মেসার্স এমসিএস শেয়ার ট্রান্সফার এজেন্ট লিমিটেডের** সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে ইমেল আইডি mcssta@rediffmail.com বা তাদের কার্যালয়ের ঠিকানা, ৩৮৩ লেক গার্ডেনস, দ্বিতীয় তল, কলকাতা- ৭০০০৪৫। টেলিফোন- ০৩৩-৪০৭২৪০৫১-৫৪ বা কোম্পানি ওয়েবসাইট kamala.mishra@abcindia.com

এবিসি ইন্ডিয়া লিমিটেডের তরফে
স্বাক্ষর/-
সঞ্জয় আগরওয়াল
কোম্পানি সেক্রেটারি

স্থান: কলকাতা
তারিখ: ১৬-০২-২০২৬

আজকাল

কর্মখালি/ ব্যবসা/বাণিজ্য/ হারানো/প্রাপ্তি ইত্যাদি বিজ্ঞাপন

১২টি শব্দ ২৫০ টাকা অতিরিক্ত শব্দ ১৮ টাকা




বালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ৬০ নম্বর ওয়ার্ডে অভিনন্দন বয়েজ ক্লাব আয়োজিত রক্তদান শিবিরে মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়, স্থানীয় কাউন্সিলর কাইজার জামিল প্রমুখ। রবিবার। ছবি: আজকাল

# সরকারি হাসপাতালের পরিষেবা নজরদারিতে বিশেষ কন্ট্রোল রুম

**আজকালের প্রতিবেদন**

রাজ্যের কোনও সরকারি হাসপাতালে কত শয্যা খালি আছে, হাসপাতালের পরিষেবা ঠিকমতো রয়েছে কিনা, ওপিডি ঠিক সময় মতো চালু কিনা, জনস্বাস্থ্য নিয়ে কোনও অভিযোগ রয়েছে কিনা তা সরাসরি নজর রাখবে স্বাস্থ্য দপ্তর। স্বাস্থ্য দপ্তরের কর্মীদের নিয়ে এর জন্য পৃথক ইন্টিগ্রেটেড কন্ট্রোল রুম খুলল স্বাস্থ্য দপ্তর। সোম থেকে শনি দুটি শিফটে এই কন্ট্রোল রুম চলবে। প্রথম শিফট সকাল ৯টা থেকে দুপুর ২টো এবং দ্বিতীয় শিফট দুপুর ২টো থেকে সন্ধে ৭টা পর্যন্ত। স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন অফিসারদের নিয়ে ১২ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। তাঁদের কেউ স্বাস্থ্যভবনে রয়েছেন, কেউ আবার বিভিন্ন হাসপাতালে কর্মরত। কমিটির সদস্যরা হলেন ডাঃ দেবযানী ব্যানার্জি, ডাঃ সুনেত্রা কবিরাজ রায়, ডাঃ তৌসিফ রবি, ডাঃ সুমন দত্ত, ডাঃ তনুজা কবির, ডাঃ সুস্মিতা চক্রবর্তী, ডাঃ জয়শ্রী পাঠক, দিলীপকুমার গিরি গোস্বামী, জয়ন্তী ব্যানার্জি, রুচিরা ব্যানার্জি, তুহিন রায়, প্রতীম দাস। স্বাস্থ্য দপ্তরের নির্দেশিকার পর ইতিমধ্যেই ইন্টিগ্রেটেড কন্ট্রোল রুমের কাজ শুরু হয়ে গেছে। স্বাস্থ্যভবনে খোলা নতুন এই কন্ট্রোল রুমের মূল উদ্দেশ্য, সরকারি হাসপাতালে এসে সাধারণ মানুষকে যেন কোনও সমস্যায় পড়তে না হয়। হাসপাতালের কাজ মসৃণভাবে পরিচালিত করাই স্বাস্থ্যকর্তাদের প্রধান লক্ষ্য। জেলা থেকে কলকাতার হাসপাতালে রেফার করা হলে যাতে কোনও রকম ভোগান্তি বা হয়রানির শিকার না হতে হয়, তা দেখবে কমিটি। কারও কোনও অভিযোগ থাকলে অবিলম্বে তার সমাধানও করা হবে। কন্ট্রোল রুমের নম্বর ০৩৩-২৩৩৩ ০৫৪২, ২৩৫৭ ৭৯২৬, ২৩৫৭ ৭৯৩২ সব হাসপাতালের আধিকারিকদের দেওয়া হয়েছে। গোটা বিষয়টি পর্যবেক্ষণ করবেন হাসপাতাল প্রশাসন বিভাগের অধিকর্তা ডাঃ দীপঙ্কর মাজি।

# জঞ্জাল ব্যবস্থাপনায় ২০০-র বেশি কমপ্যাক্টর মেশিন, গাড়ি

**আজকালের প্রতিবেদন**

শহরের জঞ্জাল ব্যবস্থাপনার কাজের জন্য ২০০-এর বেশি কমপ্যাক্টর মেশিন ও গাড়ি কিনবে কলকাতা পুরসভা। আগামিদিনে শহর পরিচ্ছন্ন রাখতে আরও কমপ্যাক্টর স্টেশন তৈরির পরিকল্পনা রয়েছে পুর প্রশাসনের। একথা জানিয়েছেন মেয়র পারিষদ (কঠিন ও বর্জ্য অপসারণ) দেবব্রত মজুমদার। সম্প্রতি কলকাতা পুরসভার অধিবেশনে সংগৃহীত বর্জ্য অপসারণে কমপ্যাক্টর মেশিনের সমস্যা নিয়ে প্রশ্ন তোলেন কাউন্সিলর রূপক গাঙ্গুলি। এবিষয়ে মেয়র পারিষদ জানান, বর্জ্য অপসারণে আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে দেশের মধ্যে কলকাতা পুরসভা প্রথম নজির তৈরি করেছে। গত ১৫ বছরে সেই কমপ্যাক্টর স্টেশনের সংখ্যা বেড়েছে। কেনা হয়েছে আরও মেশিন-গাড়ি। কিন্তু, পুরনো পোর্টেবল কমপ্যাক্টর ও লোডার গাড়িগুলির মেয়াদ ফুরিয়েছে। তাই এবার শহরকে তিনটি ভাগে ভাগ করে প্রয়োজনমতো কমপ্যাক্টর মেশিন ও গাড়ি কেনার জন্য টেন্ডার প্রক্রিয়া শুরু করা হবে। ২০১০ সালের পর থেকে কলকাতা শহরে আধুনিক ভ্যাট তৈরির প্রক্রিয়া শুরু হয়। ধীরে ধীরে গড়ে ওঠে বিভিন্ন কমপ্যাক্টর স্টেশন। কেনা হয় আধুনিক মেশিন-গাড়ি। ১৫ বছরে সেই কমপ্যাক্টর স্টেশনের সংখ্যা বেড়েছে। কেনা হয়েছে আরও মেশিন-গাড়ি। কিন্তু, পুরনো পোর্টেবল কমপ্যাক্টর ও লোডার গাড়িগুলির মেয়াদ ফুরিয়েছে। তাই এবার শহরকে তিনটি ভাগে ভাগ করে প্রয়োজনমতো কমপ্যাক্টর মেশিন ও গাড়ি কেনার জন্য টেন্ডার শুরু করেছেন পুর কর্তৃপক্ষ। জানা গিয়েছে, নতুন পোর্টেবল কমপ্যাক্টর কন্টেনার ১৪০টি ও ৭৪টি লোডার কেনা হবে।

**NEW HIND SILK HOUSE PVT LTD (IN LIQUIDATION)**

**INDICATIVE OFFERS INVITED**

Company under Liquidation has Loans, Advances, Shares of Unlisted companies,
To know details please fill up form
**https://forms.gle/683o3R3wFS6KGQLu6**
Or Email Request to **ip.newhind@gmail.com**
with your contact details
Last Date for submission is 25th February 2026

**IP Binay Kumar Singhania**
**Liquidator**
**IBBI/IPA-001/IP-P00041/2017-18/10102**
**62913 06600 / 9433068790**
**binay1@yahoo.com**

Kolkata
16/02/2026

পঞ্জাব নৈশনল বৈংক (भारत सरकार का उपक्रम) punjab national bank (Govt. Of India Undertaking)

**সার্কেল অফিস : পূর্ব মেদিনীপুর**

**পদুমবসান, তমলুক, পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১ ৬৩৬**

**প্রেমিসেস আবশ্যক**

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের লিজ/ভাড়ার ভিত্তিতে উপযুক্ত প্রস্তুত এবং সুনির্মিত হল টাইপ বিল্ডিং প্রয়োজন যার কার্পেট এরিয়া এটিএম-এর জায়গা সহ **(১২০০ বর্গফুট থেকে ১৬০০ বর্গফুট + ১০০ বর্গফুট এটিএম-এর জন্য)**। প্রেমিসেসটি অগ্রাধিকারভিত্তিতে গ্রাউন্ড ফ্লোরে হওয়া উচিত এবং যদি ফার্স্ট ফ্লোরে হয়, তবে লিফট সুবিধা সহ নিম্নলিখিত বিবরণ অনুযায়ী:

| ক্রম নং | স্থান | জেলা | প্রয়োজনীয় এলাকা (ওয়াশরুম ছাড়া) | এলাকার নিয়মাবলী |
|---|---|---|---|---|
| ১. | রাতুলিয়া | পূর্ব মেদিনীপুর | ১২০০ বর্গফুট থেকে ১৬০০ বর্গফুট প্লাস ১০০ বর্গফুট এটিএম-এর জন্য | বর্তমান পিএনবি, রাতুলিয়া শাখার ৫০০ মিটারের মধ্যে মেইন রোডের উপর |
| ২. | প্রতাপপুর পেটুয়াঘাট | পূর্ব মেদিনীপুর | ১২০০ বর্গফুট থেকে ১৬০০ বর্গফুট প্লাস ১০০ বর্গফুট এটিএম-এর জন্য | বর্তমান পিএনবি, প্রতাপপুর পেটুয়াঘাট শাখার ৫০০ মিটারের মধ্যে মেইন রোডের উপর |
| ৩. | রাধামণিহাট | পূর্ব মেদিনীপুর | ১২০০ বর্গফুট থেকে ১৬০০ বর্গফুট প্লাস ১০০ বর্গফুট এটিএম-এর জন্য | বর্তমান পিএনবি, রাধামণিহাট শাখার ৫০০ মিটারের মধ্যে মেইন রোডের উপর |
| ৪. | হলদিয়া | পূর্ব মেদিনীপুর | ১২০০ বর্গফুট থেকে ১৬০০ বর্গফুট প্লাস ১০০ বর্গফুট এটিএম-এর জন্য | বর্তমান পিএনবি, হলদিয়া শাখার ৫০০ মিটারের মধ্যে মেইন রোডের উপর |
| ৫. | রামনগর | পূর্ব মেদিনীপুর | ১২০০ বর্গফুট থেকে ১৬০০ বর্গফুট প্লাস ১০০ বর্গফুট এটিএম-এর জন্য | বর্তমান পিএনবি, রামনগর শাখার ৫০০ মিটারের মধ্যে মেইন রোডের উপর |
| ৬. | মঙ্গলামারো | পূর্ব মেদিনীপুর | ১২০০ বর্গফুট থেকে ১৬০০ বর্গফুট প্লাস ১০০ বর্গফুট এটিএম-এর জন্য | বর্তমান পিএনবি, মঙ্গলামারো শাখার ৫০০ মিটারের মধ্যে মেইন রোডের উপর |
| ৭. | দিয়েনান | পূর্ব মেদিনীপুর | ১২০০ বর্গফুট থেকে ১৬০০ বর্গফুট প্লাস ১০০ বর্গফুট এটিএম-এর জন্য | বর্তমান পিএনবি, দিয়েনান শাখার ৫০০ মিটারের মধ্যে মেইন রোডের উপর |

প্রস্তাবিত প্রেমিসেসের সংবিধিবদ্ধ কর্তৃপক্ষের কাছ থেকে সমস্ত ক্লিয়ারেন্স সার্টিফিকেট থাকা আবশ্যক। কাঙ্ক্ষিত এলাকায় এই ধরনের প্রেমিসেসের আগ্রহী মালিক/ রেজিস্টার্ড পাওয়ার অফ অ্যাটর্নি হোল্ডাররা যারা দীর্ঘমেয়াদী লিজ ভিত্তিতে, অগ্রাধিকারভিত্তিতে ১৫ বছর বা তার বেশি সময়ের জন্য তাদের অবিলম্বে উপলব্ধ প্রেমিসেস লিজ দিতে প্রস্তুত, তাঁরা ব্যাঙ্কের ওয়েবসাইট **www.pnbindia.in**-এ উপলব্ধ নির্ধারিত ফরম্যাটে তাদের অফার পাঠাতে পারেন অথবা অফিস চলাকালীন উপরের ঠিকানা থেকে তা সংগ্রহ করতে পারেন। যথাযথভাবে সিল করা ও স্বাক্ষরিত সম্পূর্ণ অফারটি **২৩.০২.২০২৬ তারিখে সকাল ১১.০০টার মধ্যে** বা তার আগে নিম্নস্বাক্ষরকারীর কাছে উপরের ঠিকানায় পৌঁছাতে হবে। ব্যাঙ্ক কোনো ব্রোকারেজ প্রদান করবে না। ব্যাঙ্ক কোনো কারণ দর্শানো ছাড়াই নিজস্ব বিবেচনার ভিত্তিতে যে কোনো বা সমস্ত অফার গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে।

তারিখ : ১৬.০২.২০২৬

স্বা/- সার্কেল হেড